# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ বিধান সরকার এবং হালিমা পারভীন পাশাপাশি বাড়িতে থাকে। তাদের উভয়েরই আর্থিক অবস্থা দুর্বল। হালিমার স্বামী বেকার, আবার বিধানও তেমন কাজ করে না। তারা উভয়েই পরবর্তীতে আরেক প্রতিবেশীর মাধ্যমে ব্র্যাকের সহায়তায় স্যালাইন তৈরির প্রশিক্ষণ নিয়ে কাজে নামে। হালিমার মেয়েও ব্র্যাকের প্রকল্পের আওতায় লেখাপড়া শিখছে। বিধান ও হালিমার পরিবার এখন অনেকটাই সচ্ছল।

ক. ইউসেপ তার কাঙ্ক্ষিত উদ্দেশ্য অর্জনে কয়টি কর্মসূচি পরিচালনা করে থাকে? ১

খ. শিশু ও নারীর অধিকার নিশ্চিত করণে ইউসেপের কার্যক্রম ব্যাখ্যা কর। ২

গ. বিধান ও হালিমাকে সাহায্য প্রদান ব্র্যাকের কোন উদ্দেশ্যকে প্রতিফলিত করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. হালিমার মেয়ের লেখাপড়া শেখা ব্র্যাকের শিক্ষা কার্যক্রমের একটি আংশিক দিক মাত্র- বিশ্লেষণ কর। ৪

২. ▶ ৬৫ বছর বয়সী হাসনাত সাহেব নিজের অসুস্থতায় সবসময় প্রবীণ হাসপাতালের চিকিৎসকের কাছে যান। তিনি মনে করেন তারা অনেক আন্তরিক। তাছাড়া সেখানে গিয়ে তিনি নিজের বয়সী অনেককে পেয়ে গল্প করার সুযোগ পান। স্বল্পমূল্যে সেবা পাওয়া যায় বলে তিনি তার বন্ধুদেরও এখানে আসার পরামর্শ দেন।

ক. আন্তর্জাতিক প্রবীণ দিবস কবে উদযাপিত হয়? ১

খ. সামাজিক সচেতনতা সৃষ্টিতে প্রবীণ হিতৈষী সংঘের কার্যক্রম ব্যাখ্যা কর। ২

গ. হাসনাত সাহেব উক্ত হাসপাতাল থেকে কোন ধরনের সেবা পেয়ে থাকেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. হাসনাত সাহেবের মত প্রবীণদের জন্য উক্ত হাসপাতাল পরিচালনাকারী সংস্থাটি আরও অনেক ক্ষেত্রে অনবদ্য ভূমিকা রাখছে- বিশ্লেষণ কর। ৪

৩. ▶ ব্র্যাক তার শিক্ষা কার্যক্রম পরিচালনার মাধ্যমে ধর্মনিরপেক্ষ এবং বেসরকারি শিক্ষা ব্যবস্থার প্রবর্তন করেছে। প্রাক প্রাথমিক স্তরে সুবিধা বঞ্চিত শিশুদের প্রাথমিক শিক্ষার জন্য প্রস্তুত করার পরিকল্পনাও তারা গ্রহণ করেছে। তাছাড়াও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, শিক্ষার্থীদের পরামর্শ প্রদান, ইলেকট্রনিক শিক্ষা সামগ্রী সরবরাহের মাধ্যমে প্রচলিত শিক্ষা ব্যবস্থার মান উন্নয়নেও ব্র্যাক কাজ করে।

ক. 'বাংলাদেশের রেডক্রিসেন্ট সোসাইটির' নামকরণ করা হয় কত সালে? ১

খ. বাংলাদেশে পরিচালিত ইউনিসেফের স্বাস্থ্য বিষয়ক কার্যক্রমের স্বরূপ ব্যাখ্যা কর। ২

Teachingbd.com

http://teachingbd.com

গ. উদ্দীপকের সংস্থার শিক্ষামূলক কার্যক্রমের সাথে ওয়ার্ল্ড ভিশনের শিক্ষামূলক কার্যক্রমের তুলনা কর। ৩

ঘ. কার্যক্রম পরিচালনায় পদ্ধতিগত ভিন্নতা থাকলেও উদ্দীপকের সংস্থা ও ওয়ার্ল্ড ভিশনের উদ্দেশ্য অভিন্ন- বিশ্লেষণ কর। ৪

৪. ▶ নিচের ছকটি লক্ষ কর:

- বহুমূত্র সমিতির চিকিৎসা কার্যক্রম
- বহুমূত্র রোগের প্রতিকার ও প্রতিরোধমূলক ব্যবস্থা
- বহুমূত্র রোগীদের পুনর্বাসনমূলক কার্যক্রম
- বহুমূত্র রোগ সংক্রান্ত গবেষণামূলক কার্যক্রম

ক. UNDP এর পূর্ণরূপ কী? ১

খ. শিশুদের উন্নয়নে 'সেভ দ্যা চিলড্রেন' এর কার্যক্রম ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সংস্থার চিকিৎসা কার্যক্রমের সাথে বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির চিকিৎসা কার্যক্রমের পার্থক্য নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকের সংস্থাটির কার্যক্রমের নির্দিষ্ট পরিধি থাকলেও বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির কার্যপরিধি অনেক বিস্তৃত- বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৫. ▶ আকরাম সাহেব ও তার স্ত্রী অনেকদিন পর প্রবাস ছেড়ে দেশে ফেরেন। আকরাম সাহেবের স্ত্রী দুঃস্থ নারীদের কল্যাণে একটি ফাউন্ডেশন গড়ে তোলার আগ্রহ প্রকাশ করেন। তিনি নারীদের ব্যক্তি পর্যায়ে সাহায্য করতে চান। তার ধারণা, এতে নারীদের সামাজিক অবস্থান সুদৃঢ় হবে।

ক. মাঠকর্ম কী? ১

খ. কেস ম্যানেজমেন্ট প্রক্রিয়ায় ব্যক্তিকে সাহায্য করার উপায় ব্যাখ্যা কর। ২

গ. আকরাম সাহেবের স্ত্রীর উদ্যোগকে সফল করতে সমাজকর্মের কোন পদ্ধতি গ্রহণযোগ্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. আকরাম সাহেবের স্ত্রীর প্রচেষ্টা নারীর সামাজিক অবস্থার সুদৃঢ় করার মাধ্যমে উক্ত পদ্ধতির উদ্দেশ্যকেই কেউ পূরণ করবে- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬. ▶

| ক | খ |
|---|---|
| ভিটামিনের অভাব, রক্তস্বল্পতা, চর্মরোগ | চাষযোগ্য জমির স্বল্পতা, প্রাকৃতিক দুর্যোগ, অনুন্নত চাষাবাদ প্রক্রিয়া |

ক. সমাজবিজ্ঞানী আর, কে, মারটন সামাজিক সমস্যাকে কয়টি অংশে বিভক্ত করেছেন? ১

খ. বেকারত্ব বলতে কী বোঝায়? ২

গ. ক ও খ চিহ্নিত বিষয়গুলো কোন সামাজিক সমস্যা সৃষ্টির জন্য দায়ী? ব্যাখ্যা কর। ৩

ঘ. একজন সমাজকর্মী ছকে চিহ্নিত সমস্যাগুলো মোকাবিলায় ব্যাপক ভূমিকা রাখতে পারেন- বিশ্লেষণ কর। ৪

৭. ▶ মিসেস সালমা আক্তার সমাজকর্ম বিষয়ে মাস্টার্স করেছেন। সম্প্রতি বাংলাদেশ সরকারের সমাজসেবা কার্যক্রমের একটি পদে তার চাকরি হয়। চাকরির সুবাদেই তিনি ঢাকায় অবস্থান করছেন। মিসেস সালমা শহরের নিম্নবিত্তদের স্বাস্থ্য, জনসংখ্যা বিষয়ে প্রশিক্ষণ দেন।

ক. UNCRC এর পূর্ণরূপ কী? ১

খ. জাতীয় কিশোরী উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে কেন? ২

গ. মিসেস সালমা বাংলাদেশ সরকারের কোন কার্যক্রমে কর্মরত ব্যাখ্যা কর। ৩

ঘ. মিসেস সালমা তার অর্জিত জ্ঞান কীভাবে পেশাগত কাজে প্রয়োগ করবেন? মতামত দাও। ৪

৮. ▶ ঘূর্ণিঝড় আইলার আঘাতে বাড়িঘর সব হারিয়ে নিঃস্ব জমির আলী কী করবেন ভেবে পাচ্ছিলেন না। এ অবস্থায় তার বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছেলে রিদওয়ান তাকে সথানীয় একটি এনজিও থেকে ঋণ নিয়ে ঘর তৈরির পরামর্শ দেয়। ওই এনজিও থেকে ঋণ নিয়েই রিদওয়ান তার স্বপ্নের পথে পা বাড়ানোর সাহস পায়। কারণ দারিদ্র্যের কারণে তার পড়াশুনা যখন বন্ধ হয়ে যাচ্ছিল তখন তার মা এখান থেকে ঋণ নিয়ে তার পড়শোনার খরচ চালান।

ক. গ্রামীন ব্যাংক কী? ১

খ. গ্রামীন ব্যাংক প্রতিষ্ঠা করা হয় কেন? ২

গ. উদ্দীপকে গ্রামীণ ব্যাংকের কোন কার্যক্রমের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত কার্যক্রম পরিচালনাই গ্রামীণ ব্যাংকের প্রধান লক্ষ্য নয়- বিশ্লেষণ কর। ৪

৯. ▶ গ্রামের কৃষক মফিজ উদ্দিনের চার ছেলে। পৈতৃক সামান্য জমিতে তিন ছেলেসহ চাষাবাদ করে কোনো রকমে জীবিকা নির্বাহ করে। আর্থিক টানাপোড়েনের মধ্যেও অনেক আশা করে ছোট ছেলে কাসেমকে শিক্ষিত করেছেন। কাসেম অনেক চেষ্টা করেও কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারছে না। এতে তার মধ্যে হতাশা কাজ করলেও চেষ্টা চালাচ্ছে লক্ষ্যে পৌঁছানোর।

ক. সামাজিক সমস্যা কী? ১

খ. সামাজিক সমস্যা সমাজ থেকে উদ্ভুত— বক্তব্যটি দ্বারা কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কাসেমের অবস্থানটি কোন সামাজিক সমস্যার ইঙ্গিত বহন করছে? ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত কাসেমের অবস্থার পরিবর্তনে যে সব পদক্ষেপ কার্যকরী ভূমিকা পালন করতে পারে তা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# সমাজকর্ম দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২৭২

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. Common Human Needs. গ্রন্থটি কে রচনা করেন?
ক) Walter A Friedlander
খ) Charlotte Towle
গ) Lawrence K Frank
ঘ) Robert L Barker

২. সামাজিক রক্ষা ও সভ্য জীবন যাপনের সাথে নিচের কোন চাহিদাটি সম্পৃক্ত?
ক) খাদ্য খ) চিত্তবিনোদন
গ) স্বাস্থ্য ঘ) বস্ত্র

৩. বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা পূরণের প্রধান অন্তরায়-
i. দারিদ্র্য ii. জনসংখ্যাস্ফীতি
iii. বেকারত্ব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪. নিরাপত্তা মানুষের কোন ধরনের চাহিদা?
ক) জৈবিক চাহিদা খ) মানবিক চাহিদা
গ) মৌলিক চাহিদা ঘ) বাঁচার চাহিদা

৫. সমাজকর্ম কোন বিজ্ঞানের শাখা?
ক) প্রাকৃতিক খ) রাজনৈতিক
গ) সামাজিক বিজ্ঞান ঘ) প্রয়োগিক পেশা

৬. ইংল্যান্ডে প্রথম চিকিৎসা সমাজকর্মের প্রয়োজনীয়তা উপলব্ধি করা হয় কত সালে?
ক) ১৮৮০ খ) ১৮৮১
গ) ১৮৮২ ঘ) ১৮৮৩

৭. কত সালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পরীক্ষামূলকভাবে চিকিৎসা সমাজকর্ম চালু হয়?
ক) ১৯৫০ খ) ১৯৫২
গ) ১৯৫৫ ঘ) ১৯৫৭

৮. কে সর্ব প্রথম Chicago 'School of Civics and Philanthropy' তে সাইকিয়াট্রিক কোর্স চালু করেন?
ক) ড. উইলিয়াম হিলি খ) ইউলিয়াম চার্চেল
গ) ড. হার্টার ঘ) উইলিয়াম মার্গারেট

৯. গলগণ্ডের জন্য দায়ী কী?
ক) ভিটামিনের অভাব খ) আয়োডিনের অভাব
গ) প্রোটিনের অভাব ঘ) ক্যালসিয়ামের অভাব

১০. অটিজম কী?
ক) দৈহিক প্রতিবন্ধিতা খ) মানসিক প্রতিবন্ধিতা
গ) স্নায়বিক প্রতিবন্ধিতা
ঘ) মস্তিষ্কের নিউরোন সংশ্লিষ্ট প্রতিবন্ধিতা

ছকটি দেখে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:




১১. চিত্রে '?' চিহ্নিত স্থানটি কোনদিকে নির্দেশ করছে?
ক) জনসংখ্যাস্ফীতির প্রভাব
খ) বেকারত্বের প্রভাব
গ) যৌতুকের প্রভাব
ঘ) নিরক্ষরতার প্রভাব

১২. বাংলাদেশে উক্ত সমস্যার কারণ হলো-
i. দারিদ্র্য
ii. নিম্ন মৃত্যুহার
iii. জনসংখ্যার উচ্চহার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. খাদ্যে মূলত কয়টি উপাদান থাকে?
ক) দুটি খ) চারটি
গ) ছয়টি ঘ) আটটি

১৪. কত সালে আমেরিকায় সর্বপ্রথম এইডস রোগ ধরা পড়ে?
ক) ১৯৮০ খ) ১৯৮১
গ) ১৯৮২ ঘ) ১৯৮৩

১৫. AIDS এর পূর্ণরূপ হলো-
ক) Action of Immune Deficiency Syndrome
খ) Acquired internal Deficiency Syndrome
গ) Acquired Immune Deficiency Syndrome
ঘ) Acrid Immune Deficiency Syndrome

১৬. জলবায়ু কোন এলাকার কত বছরের গড় আবহাওয়াকে নির্দেশ করে?
ক) ১০ বছর খ) ২০ বছর
গ) ৩০ বছর ঘ) ৪০ বছর

১৭. সমাজের মানুষকে নিয়ন্ত্রণ করার অন্যতম হাতিয়ার কোনটি?
ক) সামাজিক সংস্থা খ) সামাজিক প্রতিষ্ঠান
গ) অর্থনৈতিক কার্যাবলি ঘ) বিভিন্ন প্রথা

১৮. কোনটি মানুষের আচরণ নিয়ন্ত্রণ করার অন্যতম উপায়?
ক) আইন খ) ধর্মীয় অনুশাসন
গ) প্রথা ঘ) মূল্যবোধ

http://teachingbd.com

১৯. যুক্তরাষ্ট্রে কত ধরনের আইন প্রয়োগকারী সংস্থা রয়েছে?
ⓚ দুই ⓛ তিন
ⓜ চার ⓝ পাঁচ

২০. কত সালে সতীদাহ প্রথা উচ্ছেদ আইন প্রণয়ন করা হয়?
ⓚ ১৯২৯ ⓛ ১৮৩৯
ⓜ ১৭২৯ ⓝ ১৯২৯

২১. ধর্ম কী?
ⓚ সর্বজনীন প্রতিষ্ঠান ⓛ বিশ্বাস
ⓜ সৃষ্টি ⓝ সৃষ্টির কথা

২২. 'Religion' শব্দটি কোন শব্দ থেকে এসেছে?
ⓚ তুর্কি ⓛ ল্যাটিন
ⓜ ইংরেজি ⓝ ডাচ

২৩. বাংলাদেশ পুলিশের একটি অভিজাত অপরাধ বিরোধী ও সন্ত্রাস নিরোধ ইউনিট কোনটি?
ⓚ DB ⓛ CID
ⓜ RAB ⓝ SB

২৪. কত সালে সমাজকল্যাণ পরিদপ্তর সৃষ্টি হয়?
ⓚ ১৯৬১ সালে ⓛ ১৯৩২ সালে
ⓜ ১৯৬৩ সালে ⓝ ১৯৬৪ সালে

২৫. ঢাকার কোথায় শহর সমাজসেবা কার্যক্রম প্রথম শুরু হয়?
ⓚ আগারগাঁও ⓛ কায়েতটুলী
ⓜ আরমানিটোলা ⓝ মিরপুর

২৬. বাংলাদেশে কখন দুর্যোগ ব্যবস্থাপনা আইন অনুমোদন করা হয়?
ⓚ জানুয়ারি, ২০১১ ⓛ এপ্রিল, ২০১১
ⓜ মার্চ, ২০১২ ⓝ নভেম্বর, ২০১২

২৭. কোন আইনে ছেলে ও মেয়ের বিবাহের ক্ষেত্রে বয়স নির্ধারণ করা আছে?
ⓚ যৌতুক নিরোধ আইনে
ⓛ বাল্যবিবাহ আইনে
ⓜ নারী নির্যাতন (নিবর্তক শাস্তি) অধ্যাদেশে
ⓝ মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশে

২৮. সামাজিক আইন প্রণীত হয়-
i. সামাজিক সমস্যা দূর করার জন্য
ii. আন্তর্জাতিক সমস্যা দূর করার জন্য
iii. আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

২৯. হিন্দু বিবাহ রেজিস্ট্রি আইন কত সালে প্রণীত হয়?
ⓚ ২০১০ সালে ⓛ ২০১১ সালে
ⓜ ২০১২ সালে ⓝ ২০১৩ সালে

৩০. বাংলাদেশে কত সালে সমাজকল্যাণ মন্ত্রণালয় একটি স্বতন্ত্র মন্ত্রণালয় হিসাবে আত্মপ্রকাশ করে?
ⓚ ১৯৬৯ ⓛ ১৯৫৯
ⓜ ১৯৭৯ ⓝ ১৯৮৯

৩১. NGO এর পূর্ণরূপ কী?
ⓚ Non-government Organization
ⓛ Non-government Social Organization
ⓜ Non-government Activities of Organizatin
ⓝ Non-government Objective

৩২. রেডক্রিসেন্ট সোসাইটির প্রতিষ্ঠা করেন কে?
ⓚ হেনরি ডুনান্ট
ⓛ ফজলে হাসান আবেদ
ⓜ হেনরি এডওয়ার্ড ⓝ চার্লস ডুনান্ট

৩৩. রেডক্রিসেন্টের সদর দপ্তর কোথায় অবস্থিত?
ⓚ প্যারিসে ⓛ লন্ডনে
ⓜ সুইডেন ⓝ জেনেভায়

৩৪. কত সালে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়?
ⓚ ১৯৪৫ ⓛ ১৯৪৭
ⓜ ১৯৫০ ⓝ ১৯৬১

৩৫. সেভ দ্যা চিলড্রেন এর কার্যক্রম কোন ক্ষেত্রে বেশি বিস্তৃত?
ⓚ ঝুঁকিপূর্ণ ও নিরাপত্তা নিশ্চিত শিশুদের কল্যাণ
ⓛ স্বাস্থ্য ও পুষ্টি
ⓜ এইচ আইভি/এইডস
ⓝ ক্ষুধা ও জীবিকা

৩৬. ওয়ার্ল্ড ভিশন এর স্বাস্থ্য কর্মসূচির মধ্যে রয়েছে-
i. প্রতিরোধমূলক ব্যবস্থা
ii. প্রতিকারমূলক ব্যবস্থা
iii. নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৩৭. UNDP- এর কার্যক্রমে সমাজকর্মের যেসব পদ্ধতি ব্যবহৃত হয়-
i. সমষ্টি উন্নয়ন
ii. সমষ্টি সংগঠন
iii. মাঠকর্ম পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৩৮. শিশুদের কয়টি সংক্রামক রোগের টিকা প্রদান করা হয়?
ⓚ পাঁচটি ⓛ ছয়টি
ⓜ সাতটি ⓝ আটটি

৩৯. প্রতিবছর কত তারিখে প্রবীণ দিবস পালন করা হয়?
ⓚ ১ অক্টোবর ⓛ ২ নভেম্বর
ⓜ ৪ ডিসেম্বর ⓝ ৬ জানুয়ারি

৪০. ইউসেপ কোন শ্রেণি পর্যন্ত সাধারণ শিক্ষা প্রদান করে?
ⓚ ৬ষ্ঠ শ্রেণি ⓛ ৭ম শ্রেণি
ⓜ ৮ম শ্রেণি ⓝ ১০ম শ্রেণি

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓛ | ২ | ⓝ | ৩ | ⓝ | ৪ | ⓛ | ৫ | ⓜ | ৬ | ⓚ | ৭ | ⓜ | ৮ | ⓚ | ৯ | ⓛ | ১০ | ⓝ | ১১ | ⓚ | ১২ | ⓝ | ১৩ | ⓜ | ১৪ | ⓛ | ১৫ | ⓜ | ১৬ | ⓜ | ১৭ | ⓛ | ১৮ | ⓚ | ১৯ | ⓛ | ২০ | ⓚ |
| ২১ | ⓛ | ২২ | ⓛ | ২৩ | ⓜ | ২৪ | ⓚ | ২৫ | ⓛ | ২৬ | ⓝ | ২৭ | ⓝ | ২৮ | ⓜ | ২৯ | ⓜ | ৩০ | ⓝ | ৩১ | ⓚ | ৩২ | ⓚ | ৩৩ | ⓝ | ৩৪ | ⓚ | ৩৫ | ⓚ | ৩৬ | ⓝ | ৩৭ | ⓚ | ৩৮ | ⓛ | ৩৯ | ⓚ | ৪০ | ⓜ |

Teachingbd.com

http://teachingbd.com